



ঐশী জ্যোতিই আমাদের পদ প্রদর্শক
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় ।

স্মারক নং ঃ- রুয়েট/ অর্থ ও হিসাব/আয়কর/২০২৫-২০২৬/৩৩

তারিখ ঃ ০৫/০৭/২০২৫ খ্রিঃ।

প্রতিঃ

সকল ডীন/পরিচালক/বিভাগীয় প্রধান/প্রভোস্ট/দপ্তর/শাখা প্রধান
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

বিষয়ঃ ২০২৫-২০২৬ অর্থ বছরে বেতন-ভাতা হতে উৎস কর কর্তন প্রসঙ্গে।

জনাব,

উপরোক্ত বিষয়ের আলোকে অত্র বিশ্ববিদ্যালয়ের সম্মানিত সকল শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২০২৫-২০২৬ করবর্ষে জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক করযোগ্য আয়ের করমুক্ত সীমা পুরুষদের ক্ষেত্রে ৩,৭৫,০০০/- (তিন লক্ষ পঁচাত্তর হাজার) টাকা ও মহিলাদের ক্ষেত্রে ৪,২৫,০০০/- (চার লক্ষ পঁচিশ হাজার) টাকা করা হয়েছে এবং মোট আয়ের উপর কর হারে কিছু পরিবর্তন আনা হয়েছে (কপি সংযুক্ত)। আগামী জুলাই ২০২৫ হতে ৩০শে জুন-২০২৬ পর্যন্ত সম্ভাব্য করযোগ্য আয়ের উপর ভিত্তি করে আপনি/আপনার বিভাগ/দপ্তরের সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারী প্রতি মাসের বেতন হতে উৎস কর বাবদ কত টাকা কর্তন করতে ইচ্ছুক তা (সংযুক্ত হক পূরণ করে) আগামী ১৬/০৭/২০২৫ খ্রি. তারিখের মধ্যে অর্থ ও হিসাব শাখার সংশ্লিষ্ট বেতন প্রস্তুতকারী কর্মকর্তার/কর্মচারীর নিকট জমা দেয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। যদি কেহ নির্ধারিত সময়ের মধ্যে চাহিত তথ্য প্রদান না করেন সেক্ষেত্রে পূর্ব বৎসরের অনুক্রম হারে তাঁর বেতন হতে উৎস কর কর্তন করা হবে। এখানে উল্লেখ্য আগামী ২০২৬-২০২৭ করবর্ষ হতে আয়কর নির্ধারণী বিবরণী প্রদান করা হবে না শুধুমাত্র বার্ষিক বেতন-ভাতার বিবরণী ও উপ-কর কমিশনার, কর অঞ্চল, রাজশাহী বরাবর প্রেরণকৃত উৎস কর কর্তন ও জমা দানের প্রমাণক সকল সম্মানিত শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীকে প্রদান করা হবে।

সংযুক্ত : বর্ণনামতে।

মাননীয় ভাইস-চ্যান্সেলর এর অনুমোদনক্রমে,

(নাঈমউদ্দীন আহমদ) ০৫/০৭/২০২৫
কম্পট্রোলার

রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

স্মারক নং ঃ- রুয়েট/ অর্থ ও হিসাব/আয়কর/২০২৫-২০২৬/৩৩/৫০

তারিখ ঃ ০৫/০৭/২০২৫ খ্রিঃ।

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রদান ঃ

- ১। ডীন, সকল অনুষদ, অত্র বিশ্ববিদ্যালয়।
- ২। ইনস্টিটিউট পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৩। রেজিষ্ট্রার, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল বিভাগীয় প্রধান, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৫। সকল পরিচালক, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৬। সকল প্রভোস্ট, অত্র বিশ্ববিদ্যালয়।
- ৭। দপ্তর প্রধান/শাখা..... অত্র বিশ্ববিদ্যালয়।
- ৮। প্রশাসক, কেন্দ্রীয় কম্পিউটার সেন্টার (ওয়েব সাইটে প্রচারের অনুরোধসহ)
- ৯। পি.এস-টু ভাইস-চ্যান্সেলর, অত্র বিশ্ববিদ্যালয়।
- ১০। নথি।

(সংশ্লিষ্ট বিভাগ/দপ্তরের সকল
শিক্ষক, কর্মকর্তা ও কর্মচারীদের
মধ্যে অবগত করার অনুরোধসহ)

০৫/০৭/২০২৫
(মোঃ মুজার হোসেন)

সিনিয়র সহকারী পরিচালক (অ ও হি)
রাজশাহী প্রকৌশল ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়